

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জনশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মার্চ ২৩, ২০২০

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ : ০৭ চৈত্র ১৪২৬/২১ মার্চ ২০২০

নং ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০১.২০-১৭৫—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১২৩ এর দফা (৪) অনুযায়ী জাতীয় সংসদের ৩৬ বগুড়া-১ ও ৯০ যশোর-৬ শূন্য আসনের যথাক্রমে ১৬ এপ্রিল ২০২০ তারিখ ও ১৯ এপ্রিল ২০২০ তারিখের মধ্যে নির্বাচন অনুষ্ঠানের বিধান থাকায় গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ১১(১) অনুচ্ছেদের ক্ষমতাবলে মাননীয় নির্বাচন কমিশনের সিদ্ধান্ত অনুযায়ী উল্লিখিত শূন্য আসনে ২৯ মার্চ ২০২০ তারিখে ভোটাভ্রহণের তারিখ নির্ধারণকরত নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০১.২০-৯১, তারিখ ১৬ ফেব্রুয়ারি ২০২০ মূলে নির্বাচনের সময়সূচি সংক্রান্ত প্রজ্ঞাপন বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় ১৭ ফেব্রুয়ারি ২০২০ তারিখে প্রকাশিত হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১২৩ এর দফা (৪) এর শর্তানুসারে দেশে করোনা সংক্রমণ দুর্বিপাকজনিত কারণে নির্ধারিত মেয়াদের মধ্যে উল্লিখিত শূন্য আসনের নির্বাচন অনুষ্ঠান সম্ভব হইবে না বলিয়া মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মনে করেন। ফলে ২৯ মার্চ ২০২০ তারিখে অনুষ্ঠিতব্য ৩৬ বগুড়া-১ ও ৯০ যশোর-৬ শূন্য আসনের নির্বাচন স্থগিত করা অপরিহার্য বলিয়া প্রতীয়মান হয়। এমতাবস্থায়, জাতীয় সংসদের ৩৬ বগুড়া-১ শূন্য আসনের নির্বাচন ১৫ জুলাই ২০২০ তারিখের মধ্যে এবং ৯০ যশোর-৬ শূন্য আসনের নির্বাচন ১৮ জুলাই ২০২০ তারিখের মধ্যে অনুষ্ঠানের লক্ষ্যে ১৬ ফেব্রুয়ারি ২০২০ তারিখে জারীকৃত সময়সূচির প্রজ্ঞাপন এতদ্বারা স্থগিত করা হইল। নির্বাচনের তারিখ পরবর্তীতে যথাসময়ে ঘোষণা করা হইবে।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ আলমগীর
সিনিয়র সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৩৭০৫)

মূল্য : টাকা ৪.০০